

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২০. শহীদের রক্তের চেয়ে জ্ঞানীর কালি উত্তম

ইলেমের ফ্যীলতে বানানো একটি জাল হাদীস:

مِدَادُ الْعُلَمَاءِ أَفْضَلُ مِنْ دِماءِ الشُّهَدَاءِ

"শহীদের রক্তের চেয়ে জ্ঞানীর কালি উত্তম।" সাখাবী, যারকানী, মোল্লা আলী কারী প্রমুখ মুহাদ্দিস জানিয়েছেন যে, কথাটি খুব সুন্দর শোনালেও তা রাসূলুল্লাহ (ﷺ)-এর কথা নয়। যারকাশী বলেছেন: বাক্যটি আসলে তাবিয়ী হাসান বসরীর (রাহ) উক্তি।

ফুটনোট

[1] সাখাবী, আল-মাকাসিদ, ৩৭৭ পৃ:, যারকানী, মুখতাসারুল মাকাসিদ ১৭২ পৃ:, মোল্লা কারী, আল আসরার, ২০৭ পৃ, আল-মাসনূয়, ২৫৫ পৃ, শাওকানী, আল-ফাওয়াইদ ২/৩৬৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4881

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন